তারিখ 8 JUL 2017
পৃষ্ঠা ৬ কলাম ৬

সংবাদ

# বদলগাছী শিক্ষা বৃত্তি প্রদান

**প্রতিনিধি, বদলগাছী (নওগাঁ)**

নওগাঁর বদলগাছী উপজেলার শক্তি ফাউন্ডেশন কর্তৃক শিক্ষা বৃত্তি প্রদান। জানা গেছে, শক্তি ফাউন্ডেশন একটি বেসরকারি উন্নয়নমূলক একটি সংস্থা। সংস্থাটি ১৯৯২ ইং সাল থেকে দরিদ্র মহিলাদের অর্থসামাজিক উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য কাজ করে যাচ্ছে। এই সংস্থাটি শিক্ষা ক্ষেত্রে যেন শিক্ষার্থীরা বিশেষ করে মেয়ে শিক্ষার্থীরা যেন ঝরে না পড়ে সেই লক্ষ্যে সংস্থার নির্বাহী পরিচালক ড. হুমায়রা ইসলাম প্রতি বছর এই সংস্থা থেকে গরিব মেধাবী সদস্যর ছেলে-মেয়েদের শিক্ষা বৃত্তি প্রদানের এক মহতি উদ্যোগ নিয়েছেন। সেটি ঐ সংস্থার উপ-পরিচালক নীলুফা বেগম নিয়মিত ফলোআপ করেন।

এরিই ধারাবাহিকতায় ২০১৬ ইং সালের জে,এস,সি, পি,এস,সি ও এস,এস,সি পরীক্ষায় কৃতকার্য হওয়ায় সংস্থার সদস্যর গরিব ছেলে-মেয়েদের ডাচ বাংলা ব্যাংক এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়। উক্ত সংস্থার জয়পুরহাট এরিয়া অফিসের বদলগাছী শাখার ১১ জন শিক্ষার্থীর মধ্যে যথাক্রমে জে,এস,সি ও পি,এস,সি কৃতকার্য শিক্ষার্থীদের ১৫০০ শ এবং এস,এস,সি কৃতকার্য শিক্ষার্থীদের ২৫০০ শত টাকা করে এককালীন শিক্ষা বৃত্তি প্রদান করা হয়।